গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন- ১ শাখা
www.mor.gov.bd

https://bdjobresults.com

নং- ৫৪.০০.০০০০.০০৭.১১.০৭৬.১৭-৬৫১

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৬
০৪ আগস্ট ২০১৯

# নিয়োগ বিজ্ঞপ্তি

রেলপথ মন্ত্রণালয়ের নিম্নোক্ত পদসমূহে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জা.বে. স্কেল, ২০১৫ অনুযায়ী) | বয়স | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | সাধারণ জেলা কোটায় যে সকল জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | সাঁট মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর (Steno-typist Cum Computer Operator) (গ্রেড-১৩) ১১,০০০/- ২৬,৫৯০/- | ১৮-৩০ বৎসর। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | ০১ টি | (ক) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>(খ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ৭০ শব্দ এবং বাংলায় ৪৫ শব্দ;<br>(গ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ৩০ ও বাংলায় ২৫ শব্দ;<br>(ঘ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(ঙ) কম্পিউটার Word processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। | ঢাকা, নারায়ণগঞ্জ, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, জামালপুর, কুমিল্লা, রংপুর, বগুড়া, কুড়িগ্রাম, মানিকগঞ্জ, সিরাজগঞ্জ, পঞ্চগড়, বরিশাল, ঝালকাঠি, খাগড়াছড়ি জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ২. | কম্পিউটার অপারেটর (Computer Operator) (গ্রেড নং-১৩) ১১০০০/- ২৬৫৯০/- | ১৮-৩০ বৎসর | ০৪ টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি ; এবং<br>(খ) তফসিল-২ অনুযায়ী কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে; | |
| ৩. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (Office Assistant Cum-Computer Typist) (গ্রেড-১৬) ৯,৩০০/- ২২৪৯০/- | ১৮-৩০ বৎসর। তবে বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য | ০৪ টি | (ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমসমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ২০ শব্দ এবং বাংলায় ২০ শব্দ;<br>(গ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত; এবং<br>(ঘ) কম্পিউটার Word processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হইবে। | |
| 8. | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর (Data Entry/Control Operator) (গ্রেড-১৬) ৯,৩০০/- ২২৪৯০/- | ১৮-৩০ বৎসর | ০১ টি | (ক) স্বীকৃত বোর্ড হতে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচ.এস.সি) বা সমসমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) তফসিল-৩ অনুযায়ী কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ ইংরেজীতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে; | |
| ৫. | ক্যাশ সরকার (গ্রেড-১৮) ৮,৮০০/- ২১,৩১০/- | ১৮-৩০ বৎসর | ০১ টি | সরাসরি নিয়োগের ক্ষেত্রে:<br>(ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা | ঢাকা, গাজীপুর, ময়মনসিংহ, কিশোরগঞ্জ, শেরপুর, |

E:\Sohagg\54.00.0000.007.11.076.17.doc

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | | | সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার চালনায় দক্ষতা থাকতে হবে; এবং<br>(গ) তফসিল-৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | টাঙ্গাইল, কুষ্টিয়া, বগুড়া, নরসিংদী, কুমিল্লা, হবিগঞ্জ, গোপালগঞ্জ, গাইবান্ধা, ব্রাহ্মণবাড়িয়া, খুলনা, |
| ৬. | অফিস সহায়ক (Office Support Staff) (গ্রেড-২০) ৮,২৫০/- ২০,০১০/- | ১৮-৩০ বৎসর | ০৭ টি | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস.এস.সি.) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | সাতক্ষীরা, রাজশাহী, কুড়িগ্রাম, পাবনা, চট্টগ্রাম জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। এতিম ও শারীরিক প্রতিবন্ধী কোটায় সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |

https://bdjobresults.com

২। নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে;

শর্তাবলী:

ক. ০৬.০৮.২০১৯ তারিখে প্রার্থীর বয়সসীমা বিজ্ঞপ্তির ৩ নং কলামের বর্ণনা অনুযায়ী হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোর্চ্চ ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

খ. সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। চাকরিরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদনপত্র পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্যদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়। তবে সকল চাকরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি ছাড়পত্রের মূলকপি জমা দিতে হবে।

গ. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

ঘ. লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহনের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

ঙ. মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form সহ সত্যায়িত একসেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং আবেদনকারী কোন মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এ মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টিও উল্লেখ করতে হবে।

চ. কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

ছ. নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত যোগ্যতা না থাকা সত্বেও আবেদন করা হলে তা যে কোন পর্যায়ে বাতিল করার অধিকার নিয়োগকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

জ. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

৩। আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলি:

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://mor.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৬.০৮.২০১৯ সকাল ৯.০০টা ;
ii. Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ০৫.০৯.২০১৯ বিকাল ৫.০০টা ।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100 KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ. Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant কপি পাবেন। উক্ত Applicant কপি প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ১-৪ নং ক্রমিকের জন্য

পরীক্ষার ফি বাবদ ১০০/- (একশত) টাকা এবং (৫-৬) নং ক্রমিকের জন্য ৫০/- (পঞ্চাশ) টাকা ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম SMS: MOR<Space> User ID লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: MOR ABCD

Reply: Applicant's Name, Tk 50 will be charged as application fee. Your PIN is xxxxxxxxxx

To pay fee Type MOR <Space> User ID লিখে send করতে হবে 16222 নম্বরে।

দ্বিতীয় SMS: MOR <Space> YES <Space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: MOR YES xxxxxxxxxx

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for MOR

Application for xxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxxx) .

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://mor.teletalk.com.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS- এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক Print (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. শুধু টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে mor<Space>Help<Space> User ID & Send to 16222
Example: MOR HELP USER ABCDEF

ii. PIN Number জানা থাকলে: mor<Space> Help<Space> PIN & Send to 16222

ঝ. Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে morbd.ict@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে।

০৪/০৮/২০১৭

(রেখা রাণী বালো )
যুগ্মসচিব (প্রশাসন)
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি
রেলপথ মন্ত্রণালয়।

https://bdjobresults.com